জিহাদ কেন প্রয়োজন ??!!

লেখক আবূ কাতাদাহ আল ফিলিস্তিনী



بسم الله الرحمن الرحيم

আল্লাহ পাক রাব্বুল আলামীন পৃথিবী সৃজনের বহু পূর্বেই অত্যন্ত সুন্দর ও শ্রেষ্ঠাআকারে মানুষ সৃষ্টি করে পৃথিবীতে পাঠানোর বিষয়টি লিপিবদ্ধ করে রেখেছিলেন। আল্লাহ তা'লা বলেন- "আর অবশ্যই আমি মানুষকে অতি সুন্দর গঠনে সৃষ্টি করেছি।" সুতরাং এক্ষেত্রে তিনি তাঁর স্রষ্টার মহিমা গেঁথে দিয়ে মহা আমানতের দায়িত্বভারটি মানুষের উপর ন্যস্ত করেছিলেন। এরশাদ করেছেন- "নিশ্চয় আমি আমানত বিষয়টি নভোমন্ডল-ভূমন্ডল এবং পাহাড়-পর্বতের কাছে পেশ করেছি, তারা (দায়িত্বের সঠিক ব্যবহারে সক্ষম হবেনা) ভয়ে তা বহন করতে অপারগতা প্রকাশ করেছে। পরিশেষে মানুষ তা বহন করার সাহস করেছে, আর বস্তুতই মানুষ বড় জালেম ও গন্ডমুর্খ।" উপরোক্ত আয়াতে আল্লাহ পাক 'আমানত' বহনের দায়ে মানুষকে জালেম ও মুর্খ বলে আখ্যায়িত করেননি; বরং এ মহা আমানতের মূল্যবোধ না থাকা এবং এক্ষেত্রে বিন্দুমাত্র অলসতার কুপরিণামের কথা চিন্তা না করার দরুণ মানুষকে জালেম ও মুর্খ বলে আখ্যা দিয়েছেন।

আল্লাহ তা'লা যমিন-আসমানের সবকিছু অনুকূলে করার মাধ্যমে আদমসন্তানের গলায় সম্মানের মালা পরিয়েছেন। এরশাদ করেছেন- "তোমরা কি ভেবে দেখনা যে, আল্লাহ নভোমন্ডল ও ভূমন্ডলের সকলকিছুকে তোমাদের অনুকূলে করে দিয়েছেন, তোমাদের উপর বাহ্যিক-আভ্যন্তরীণ সকল নেয়ামেরত সমাবেশ ঘটিয়েছেন।" অন্যত্র এরশাদ করেছেন- "যমিন আসমানের সকল বস্তুকে আল্লাহ তোমাদের জন্য পরিচালিত করেছেন, নিশ্চয় এক্ষেত্রে চিন্তাশীলদের জন্য ভেবে দেখার বিষয় রয়েছে।" সুতরাং আল্লাহ তা'লা সবকিছু মানুষের সেবা ও সুখের জন্যই সৃষ্টি করে মানুষকে শুধুমাত্র তাঁর এবাদতের জন্য নির্ধারিত করেছেন। এরশাদ করেছেন- "আমি জ্বিন-ইনসানকে কেবল আমার এবাদতের জন্যই সৃষ্টি করেছি। তাদের কাছে আমি কোন রিযিক চাইনা; এটাও চাইনা যে, তারা আমার জন্য খাবার জোগাড় করুক। কেননা, আল্লাহ তা'লাই হচ্ছেন একমাত্র রিযিকদাতা, মহাপরাক্রমশালী।"

পৃথিবীর বুকে পাঠানোর পূর্বে আল্লাহ তা'লা মানুষদের থেকে এই বলে প্রতিশ্রুতি নিয়েছিলেন যে, আল্লাহ ছাড়া আর কারো এবাদত করা যাবেনা। কুরআনে কারীমে এরশাদ হয়েছে- "স্মরণ কর ঐ সময়ের কথা, যখন তোমার প্রভূ সকল আদম সন্তানকে সামনে রেখে তাদের কাছ থেকে এই বলে প্রতিশ্রুতি নিয়েছিলেন যে, আমি কি তোমাদের প্রভূ নই ?! অতপর আদমসন্তানকূল একবাক্যে বলে উঠেছিল যে, হ্যাঁ..! আমরা সাক্ষ্য দিচ্ছি যে, অবশ্যই আপনিই আমাদের প্রভূ! (প্রতিশ্রুতিটি এজন্যই নিয়েছিলেন) যাতে বিচারদিবসে কেউ বলবে না পারে যে, আমরা এথেকে সম্পূর্ণ অমনযোগী ছিলাম বা আমাদের বাপদাদাগণ ইতিপূর্বে শিরকে লিপ্ত ছিল, যারফলে আমরাও তাদের দেখাদেখি শিরকে লিপ্ত হয়েছি। অপরাধীদের কর্মকান্ডের দরুণ আপনি কি আমাদেরকে ধ্বংস করে দেবেন ?!

ইমাম বুখারী ও মুসলিম রহ. হযরত আনাস বিন মালিক রা. থেকে একটি হাদিস বর্ণনা করেছেন, যেখানে নবী করীম সা. বলেন যে, জাহান্নামবাসীকে কেয়ামতের দিন বলা হবে- "মনে কর যে, পৃথিবীতে যা কিছু আছে সব তোমাকে দিয়ে দিয়ে হল, তাহলে আজ তুমি এসবকিছুই জাহান্নাম থেকে বাঁচার জন্য মুক্তিপণ হিসেবে দিয়ে দেবেনা?! সে বলবে- বলবে অবশ্যই সব দিয়ে দেব। তখন আল্লাহ তা'লা বলবেন- দুনিয়াতে আমি তোমার থেকে ছোট্ট একটি বিষয় আশা করেছিলাম। সমস্ত আদমসন্তানের সামনে তোমার থেকে প্রতিশ্রুতি নিয়েছিলাম যে, আমার সাথে কাউকে শরীক করবেনা। কিন্তু দুনিয়াতে তুমি তা না করে শিরকে লিপ্ত হয়েছ।"

হযরত ইবনে আব্বাস রা. বলেন- "আরাফার দিন আদম আ.এর পৃষ্ঠদেশ থেকে আল্লাহ পাক দুটি প্রতিশ্রুতি নিলেন। অতপর আদম আ.এর ঔরস থেকে সৃষ্ট হওয়া সকল বনী আদমকে বের করে তার সামনে রাখলেন। অতপর আল্লাহ তাদের সাথে কিছু কথা বললেন। আল্লাহ তালা তখন বললেন- আমি কি তোমাদের প্রভু নই ?!! তা শুনে সকল আদম সন্তান একবাক্যে বলে উঠল- হ্যাঁ!! আমরা সাক্ষ্য দিচ্ছি যে, অবশ্যই আপনি আমাদের প্রভূ।

এবাদতের ক্ষেত্রে মানুষকে আল্লাহ পাক দুটি শ্রেণীতে বিভক্ত করেছেন। প্রথম শ্রেণীর লোকেরা উপরোক্ত প্রতিশ্রুতির কথা স্মরণ রেখে আল্লাহর এবাদতে মগ্ন থাকবে। অপর শ্রেণী প্রতিশ্রুতির কথা ভুলে গিয়ে অন্যায় অত্যাচার পাপাচারে লিপ্ত হবে। মানুষকে পূণরায় তাদের প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দেবার নিমিত্তে আল্লাহ পাক লাখো নবী-রাসূল ও অগণিত আসমানী কিতাবাদী অবতীর্ণ করেছেন। কোরআনে কারীমের ভাষায়- "আর প্রেরণ করেছি সুসংবাদদাতা ও ভীতি প্রদর্শনকারী রূপে অসংখ্য নবী-রাসূল, যেন (বিচারদিবসে) আল্লাহ পাকের সামনে তাদের কোন কারণ দর্শানোর সুযোগ না থাকে, বস্তুতই আল্লাহ পাক পরাক্রমশালী ও মহাপ্রজ্ঞাময়।"

উক্ত প্রতিশ্রুতি সম্বলিত আয়াতের ব্যাখ্যায় প্রখ্যাত তাফসীর বিশারদ উবাই বিন কা'ব রা. বলেন যে, আল্লাহ পাক বলেছেন- "নিশ্চয় আমি আসমান ও যমীনকূলকে সাক্ষী রাখলাম এবং তোমাদের পিতা আদমকেও সাক্ষী রাখলাম, যাতে কেয়ামতের দিন তোমরা একথা বলতে না পার যে, আমরা ঐ প্রতিশ্রুতি সম্পর্কে অজ্ঞ ছিলাম। তোমরা ভাল করে স্মরণ রেখো যে, আমি ছাড়া কোন খোদা নেই, আমি ছাড়া কোন প্রভূ নেই। সুতরাং আমার সাথে কাউকে অংশীদার করোনা। আর এ প্রতিশ্রুতির কথা স্মরণ করিয়ে দেবার জন্য অবশ্যই দুনিয়াতে আমি তোমাদের কাছে আমার অনেক প্রতিনিধি প্রেরণ করব, অনেক কিতাবাদী নাযিল করব। তখন আদমসন্তানকূল বলে উঠেছিল- আমরা সাক্ষ্য দিচ্ছি নিশ্চয় আপনিই আমাদের রব আপনিই আমাদের একমাত্র প্রভূ। আপনি ছাড়া আমাদের কোন প্রভূ নেই। আপনি ছাড়া আমাদের কোন আশ্রয়স্থল নেই।" সুতরাং ঐদিন সকলেই আল্লাহ পাকের হুকুম মানার ব্যাপারে প্রতিশ্রুতি দিয়েছিল। অতপর আল্লাহ পাক আদম আ.কে উঠালেন। আদম আ. নিজ সন্তানদের মাঝে ধনি-গরিব, সুশ্রী-কুশ্রী ভেদাভেদ দেখে আল্লাহর কাছে আরয করলেন- হে আল্লাহ! আপনার বান্দাদের মাঝের এই ভেদাভেদগুলো যদি মিটিয়ে দিতেন! আল্লাহ পাক উত্তরে বলেছিলেন- আমি চাই যে, তারা আমার কৃতজ্ঞতা আদায় করুক! সন্তানদের এই ভীড়ে হযরত আদম আ. নবীদেরকে উজ্জল বাতির মত অবলোকন করেছিলেন, মনে হচ্ছিল তাদের মাথার উপর নূর চমকাচ্ছে।

আল্লাহ পাক জান্নাতকে আনুগত্যশীল বান্দাদের ঠিকানা আর জাহান্নামকে দাম্ভিক বান্দাদের শেষ পরিণাম রূপে নির্ধারণ করেছেন। কুরআনে কারীমে বর্ণিত হয়েছে- "আর যারা আল্লাহর আহবানে সাড়া দিল, তাদের জন্য থাকবে উত্তম পরিণাম। পক্ষান্তরে যারা সাড়া দেয়নি, তারা যমিন ও

আসমানের মধ্যবর্তী সকল কিছুকেও যদি সেদিন মুক্তিপণ হিসেবে পেশ করে, কখনো তা তাদেরকে কুপরিণাম হতে রক্ষা দেবেনা। তাদের জন্যই রয়েছে কঠিন হিসাব। তাদের ঠিকানা হবে জাহান্নাম। কি নিকৃষ্ট তাদের পরিণামস্থল!!

ইমাম বুখারী ও মুসলিম রহ. হযরত আনাস বিন মালিক রা. থেকে একটি হাদিস বর্ণনা করেছেন, যেখানে নবী করীম সা. এরশাদ করেছেন যে, বিচারদিবসে জাহান্নামের সর্বনিম্নমানের শাস্তিপ্রাপ্ত লোকদের একজনকে সম্মোদন করে আল্লাহ পাক বলবেন- পৃথিবীতে যা কিছু ছিল, সবকিছুই যদি তোমাকে দিয়ে দেয়া হয়, তাহলে এই শাস্তি থেকে বাঁচার জন্য তুমি কি সবকিছু মুক্তিপণ হিসেবে দিয়ে দেবে ?? সে বলবে- অবশ্যই সব দিয়ে দেব। তখন আল্লাহ পাক বলবেন- আমি তোমার কাছ থেকে এথেকেও ছোট্ট একটি বিষয়ের প্রতিশ্রুতি নিয়েছিলাম -যখন তুমি আদমের ঔরসে ছিলে- যে, আমার সাথে তুমি কাউকে অংশীদার করবেনা। কিন্তু তুমি সে প্রতিশ্রুতি ভুলে গিয়ে আমার অংশীদার সাব্যস্ত করেছ!!"

আল্লাহ পাক বলেন- "আর যে ব্যক্তি জানে যে, আল্লাহর পক্ষ থেকে যা কিছু অবতীর্ণ হয়েছে সবি সত্য, সে কি ঐ ব্যক্তির ন্যায় যে নাকি অন্ধ ?!! বস্তুত সেসব জ্ঞানবানরাই একমাত্র উপদেশ গ্রহণ করে থাকে- যারা আল্লাহকে দেয়া প্রতিশ্রুতি পূরণ করে, কখনো তা ভঙ্গ করেনা, যারা আল্লাহর আদেশকৃত বন্ধনগুলো ঠিক রাখে, স্বীয় প্রভুকে ভয় করে, কঠিন হিসাবের শংকা মাথায় রাখে, যারা একমাত্র আল্লাহকে সন্তুষ্টির আশায় ধৈর্য্য ধারণ করে, নামায কায়েম করে, আমি যে রিযিক তাদের দিয়েছি তাথেকে গোপনে প্রকাশ্যে খরচ করে, যারা মন্দকাজকে সৎকাজের দ্বারা রূপান্তরিত করে, একমাত্র তাদের জন্যই রয়েছে শুভপরিণাম জান্নাতে আ'দন, সেখানে তারা প্রবেশ করবে, সাথে থাকবে তাদের ন্যায়বান পিতা, স্ত্রী, আর সুসন্তান। ফেরেশতাগণ তাদের কাছে প্রবেশ করবে সকল দরজা দিয়ে। তারা বলতে থাকবে- তোমাদের উপর শান্তি বর্ষিত হোক, কারণ তোমরা ধৈর্য্যধারণ করেছ। কতইনা উত্তম তোমাদের পরিণামফল। পক্ষান্তরে যারা সেই প্রতিশ্রুতি ভুলে গিয়ে আল্লাহর আদেশকৃত বিষয়াবলী অমান্য করে এবং যমিনে বিশৃঙ্খলা সৃষ্টি করে, তাদের জন্য রয়েছে অভিশাপ আর কুপরিণামফল।"
আর এভাবেই উভয় দলের বিভক্তির বিবরণ সমাপ্ত হয়।

নবী রাসূল এবং তাদের উত্তরসূরীদের মিশন

আল্লাহ তা'লা বলেন- "আর তিনি তোমাদের জন্য ঐ দ্বীনকে নির্ধারণ করেছেন, যা পালনের জন্য তিনি নূহকে আদেশ করেছিলেন। আপনার কাছে যার বিবরণ পাঠিয়েছি সেটি হচ্ছে ঐ দ্বীন, যার ব্যাপারে তিনি আদেশ করেছিলেন ইবরাহীম, মূছা ও ঈসাকে, (যার মর্ম হচ্ছে) দ্বীনকে প্রতিষ্ঠিত কর! এতে ভেদাভেদ সৃষ্টি করোনা! আপনার দাওয়াতের মিশনটি মুশরেকদের জন্য বড়ই জ্বালাময়ী।" উপরোক্ত আয়াতে আল্লাহ তা'লা নবীদেরকে দ্বীন প্রতিষ্ঠার আদেশ দিচ্ছেন। আর দ্বীন প্রতিষ্ঠার অর্থ হচ্ছে আল্লাহর নাযিলকৃত বিধানাবলীকে প্রথমে নিজের জীবনে অতপর মানুষের মাঝেও তা প্রতিষ্ঠিত করা। এ কারণেই নবীদেরকে তিনি দাওয়াত, বিবরণ ও ভীতি প্রদর্শনের আদেশ করেছেন। আল্লাহ তা'লা বলেন- "প্রেরণ করেছি এমনসব রাসূল, যারা সুসংবদদাতা এবং ভীতিপ্রদর্শনকারী।" সুতরাং নবীদের একমাত্র মিশন ছিল সমস্ত মানুষকে হেদায়েতের দিকে নিয়ে আসা, আল্লাহর মনোনীত বিষয়াবলীকে আকড়ে ধরা, নিষেধকৃত বিষয়বালী থেকে দূরে থাকা। আল্লাহ তা'লা বলেন- "আপনি হচ্ছেন একজন সতর্ককারী, আর প্রত্যেক জাতির জন্যই হেদায়েতকারী গত হয়েছে।"

অপর স্থানে এরশাদ করেছেন- "নিশ্চয় আপনি সঠিক পথের দিকে আহবান করেন।" এখানে সঠিক পথের দিকে আহবান বলতে আল্লাহর দিকে দাওয়াত, সরল পথের দিশা উদ্দেশ্য। নবী রাসূলদের সাথে আল্লাহ পাক বহু কিতাবাদী নাযিল করেছেন, তাদেরকে প্রজ্ঞা শিখিয়েছেন। আল্লাহ তা'লা বলেন- "স্মরণ করুন ঐ সময়ের কথা, যখন আল্লাহ নবীদের থেকে প্রতিশ্রুতি নিয়েছিলেন যে, অবশ্যই আমি তোমাদের কাছে কিতাব ও প্রজ্ঞা অবতীর্ণ করব।"

এ ক্ষেত্রে আল্লাহ তা'লা নবী-রাসূলদের অন্তরে সমগ্র সৃষ্টির প্রতি রহমত ও তাদের হেদায়েতের জন্য প্রচন্ড আগ্রহ গেঁথে দিয়েছেন। আল্লাহ তা'লা বলেন- "যদি তারা এই বিষয়বস্তুর প্রতি বিশ্বাস স্থাপন না করে, তবে তাদের পশ্চাতে সম্ভবত আপনি পরিতাপ করতে করতে নিজের প্রাণ নিপাত করবেন।" পাশাপাশি আল্লাহ পাক তাঁর শেষ নবী মুহাম্মাদ সা.কে "অতিশয় দয়াবান ও পরম অনুগ্রহকারী" গুণে ভূষিত করেছেন। এরশাদ করেছেন- "আর তিনি হচ্ছেন এমন এক নবী, যিনি ঈমানদারদের প্রতি অতিশয় দয়াবান ও পরম অনুগ্রহকারী।"

নবীদের এ সুদীর্ঘ ধারাবাহিকতায় সর্বশেষজন হিসেবে আল্লাহ পাক প্রেরণ করেন মুহাম্মদ মুস্তফা সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। এরশাদ করেছেন- "নবী মুহাম্মদ তোমাদের থেকে কোন পুরুষের পিতা নন; বরং তিনি হচ্ছেন আল্লাহর রাসূল এবং সর্বশেষ নবী।" রাসূলে কারীম সা. বলেন- "আমার এবং আমার পূর্ববর্তী নবীগণের উদাহরণ হল ঐ প্রাসাদের ন্যায়, যা একজন মানুষ সুন্দর ও সুপ্রতিষ্ঠিত করে গড়ে তুলল, কিন্তু একটি মাত্র ইটের স্থান সেখানে খালী রেখে দিল। অতপর লোকজন যখন সুদর্শন এ প্রাসাদটিতে প্রবেশ করল, তখন আশ্চর্যের সূরে বলতে লাগল- 'হায়! একটি মাত্র ইটের স্থান কেন বাকী রাখা হল ?!!' (বুখারী-মুসলিম)। মুসলিম শরীফের বর্ণনায় আরো যোগ হয়েছে- 'আর আমিই হচ্ছি সেই সর্বশেষ ইট, আমার আগমণের দ্বারা নবী ধারাবাহিকতার সমাপ্তি ঘটেছে।'

ইমাম বুখারী ও মুসলিম রহ. হযরত আবূ হুরায়রা রা. থেকে একটি হাদিস বর্ণনা করেছেন, যেখানে নবী করীম সা. এরশাদ করেছেন- "আমরাই হচ্ছি সর্বশেষ উম্মত, আর আমরাই বিচারদিবসে সর্বাগ্রে থাকব। তবে প্রত্যেক উম্মতকেই কিতাব দেয়া হয়েছে আমাদের পূর্বে, আর আমাদেরকে কিতাব দেয়া হয়েছে তাদের সকলের পরে।"

নবী মুহাম্মাদ সা.কে আল্লাহ তা'লা সমগ্র পৃথিবীবাসীর হেদায়েতের জন্য প্রেরণ করেছেন। এতে আল্লাহ তা'লা কোন বর্ণের ভেদাভেদ রাখেননি; সাদা-কালো-লাল বা আরব-অনারবের মধ্যে উনাকে নির্ধারিত রাখেননি। ধর্ম-বর্ণ-জাতি নির্বিশেষে সকল প্রকার লোকের হেদায়েতের জন্য তিনি প্রেরিত হয়েছেন। আল্লাহ তা'লা বলেন- "আমি আপনাকে সমগ্র বিশ্ববাসীর জন্য সুসংবাদদাতা এবং সতর্ককারী রূপে প্রেরণ করেছি।" নবী করীম সা. বলেন- "ঐ সত্তার শপথ, যার হাতে আমার প্রাণ নিহীত- এই উম্মতের যে কোন ইহুদী বা যে কোন খৃষ্টান আমার কথা শুনার পরও যদি ঈমান না নিয়ে মৃত্যুবরণ করে,

তবে অবশ্যই সে জাহান্নামের অধিবাসী হবে।" নবী করীম সা. আরও বলেন- "পূর্ববর্তী রাসূলদেরকে কোন নির্ধারিত জাতির হেদায়েতের উদ্দেশ্যে প্রেরণ করা হত, আর আমাকে প্রেরণ করা হয়েছে সমগ্র জাতির হেদায়েতের জন্য।"

বিজয়ী দল এবং দ্বীনের বহিঃপ্রকাশ

আল্লাহ তা'লা স্বীয় মনোনীত দ্বীনের প্রকাশ এবং যুক্তি-প্রমাণের সুস্পষ্ঠ ভিত্তি আর বর্শা-তলোয়ারের বলিষ্ঠ শক্তির সাহায্যে সত্যের কালেমা সমুন্নত করার বিষয়টি বহুপূর্বেই লিখে রেখেছিলেন। আল্লাহ তা'লা বলেন- "সেই প্রভূ যিনি স্বীয় রাসূলকে হেদায়েত আর সত্যের ধর্ম দিয়ে প্রেরণ করেছেন, যেন এই সত্য ধর্মকে তিনি সমস্ত ভ্রান্ত ধর্মের উপর সমুন্নত করেন। যদিও অবিশ্বাসীরা একে অপছন্দ করে থাকে।" আর নবী করীম সা. এর আগমণ হয়েছে মানুষের পরীক্ষার জন্য। এরশাদ করেছেন- "নিশ্চয় আমি আপনাকে পরীক্ষা করব, পাশাপাশি আপনার মাধ্যমে অন্যদেরও পরীক্ষা করব।"

দ্বীন প্রতিষ্ঠার এ বিশাল মিশন বাস্তবায়ন এবং উভয় জগতে শান্তি উন্নতি অর্জনের লক্ষে আল্লাহ তা'লা উক্ত নবীর সাথে প্রেরণ করেছেন প্রামাণ্য গ্রন্থ এবং লৌহতুল্য মাপকাঠি। আল্লাহ তা'লা বলেন- "নিশ্চয় আমি সুস্পষ্ঠ প্রমাণসহ বহু রাসূল প্রেরণ করেছি। পাশাপাশি তাদের সাথে অবতরণ করেছি কিতাব এবং মাপকাঠি, যেন মানুষেরা পূর্ণ ন্যায়নিষ্ঠতা সহকারে সকলকিছু সম্পাদন করতে পারে। আর আমি অবতরণ করেছি লৌহ, যাতে রয়েছে প্রচন্ড শক্তি আর মানুষের জন্য বহু উপকারী বিষয়। এগুলো এজন্য যে, আল্লাহ যেন জেনে নিতে পারেন- কারা আল্লাহকে না দেখেই তাঁর রাসূলদেরকে সহযোগীতা করে থাকে। নিশ্চয় আল্লাহ মহাপরাক্রমশালী সর্বশক্তিমান।"

সুতরাং আল্লাহর কিতাব সত্যের দিকে পথপ্রদর্শন করে এবং লৌহ পথভ্রষ্টকে সোজা করে দেয়। আর মানুষকে সঠিক পথে আনার জন্য লৌহের বিকল্প নেই। যখনই কিতাব ও লৌহের কোন একটি দুর্বল হয়ে পড়বে, তখনই ভূপৃষ্ঠে বিশৃঙ্খলা আর পাপাচার দেখা দিবে। নবী করীম সা. এরশাদ করেছেন- "কেয়ামতের এ পূর্বক্ষণে আমাকে তরবারী দিয়ে প্রেরণ করা হয়েছে, যতক্ষণ না সকল মানুষ এক আল্লাহর এবাদতে ফিরে আসে।"

এটিই হচ্ছে নবীজীর একমাত্র ত্যাজ্যসম্পদ, যা উম্মতের জন্য তিনি রেখে গেছেন। এক- পথপ্রদর্শনকারী সুস্পষ্ঠ কিতাব। দুই- সঠিক পথের সংস্কারক বলিষ্ঠ তরবারী। এ বিবেচনায় মানুষ দুই ভাগে বিভক্ত হয়ে যায়। এক- উম্মতের জ্ঞানীগুণী বা আলোম সম্প্রদায়। দুই- আল্লাহর পথে জিহাদরত মুজাহিদ সম্প্রদায়। নবীগণের পর একমাত্র সাহাবায়ে কেরামকেই আল্লাহ তা'লা উভয় গুণে গুনান্বিত করেছিলেন। আল্লাহ তা'লা এরশাদ করেছেন- "মুহাম্মাদ হচ্ছেন আল্লাহর রাসূল, তাঁর সাথে আছেন এমন এক সম্প্রদায়, যারা কাফেরদের বিরোদ্ধে কঠোর এবং নিজেদের পরস্পরের প্রতি অত্যন্ত দয়াবান। আপনি তাদেরকে একমাত্র আল্লাহর দয়া ও সন্তুষ্টির আশায় রুকু সেজদাকারী পাবেন। সেজদার চিহ্নস্বরূপ তাদের চেহারায় এক বিশেষ নিদর্শন থাকবে। এটিই হচ্ছে তাওরাতে বর্ণিত তাদের নিদর্শন। আর ইঞ্জিলে তাদের অবস্থা যেমন একটি চারাগাছ যা থেকে নির্গত হয় কিশালয়, অতপর তা শক্ত ও মজবুত হয় এবং কান্ডের উপর দাঁড়ায় দৃঢ়ভাবে, চাষীকে আনন্দে আভিভূত করে, যাতে আল্লাহ তাদের দ্বারা কাফেরদের অন্তর্জ্বালা সৃষ্টি করেন।" নবী করীম সা. এরশাদ করেন- "নিশ্চয় আলেম সম্প্রদায় হচ্ছে নবীদের উত্তরাধীকারী। আর নবীগণ কোন টাকা-পয়সা রেখে যাননা; বরং নবীগণ জ্ঞান বা এলেম রেখে যান। সুতরাং যে ব্যক্তি নবীদের এ ত্যাজ্যসম্পদ গ্রহণ করল, অবশ্যই মহা সৌভাগ্যের কারণেই সে তা গ্রহণ করল।"

যেমনভাবে আল্লাহ পাক তাঁর শেষনবীকে পূর্ববর্তী নবীদের অনুসরণের আদেশ দিয়েছেন। এরশাদ করেছেন- "তারা হচ্ছেন ঐ সকল নবী, যাদেরকে একমাত্র আল্লাহ পাক পথপ্রদর্শন করেছেন, সুতরাং আপনি তাদের পথই অনুসরণ করুন।" ঠিকতেমনিভাবে মুহাম্মদ সা.এর উম্মতকেও তাদের প্রিয়নবীর পরিপূর্ণ অনুকরণের আদেশ দিয়েছেন। আল্লাহ পাকের এ মহা আদেশের কারণেই মুমিনগণ শেষনবীর ত্যাজ্যসম্পদ এলেম গ্রহণে মনোনিবেশ করেন। নিজেদের মধ্যে এবং জনসাধারণের দৈনন্দিন জীবনে এর বাস্তবায়ন ঘটাতে প্রয়াস পান। সুতরাং যে ব্যক্তি আল্লাহ পাকের নাযিলকৃত পবিত্র জ্ঞান অধ্যয়ন করল, তার জন্য আবশ্যক হল- অন্যকেও এ সম্পর্কে জ্ঞাত করা। নবী করীম সা. এরশাদ করেন- "ঐ ব্যক্তির চেহারাকে আল্লাহ পাক সৌন্দর্যমন্ডিত করুন, যে আমার কথা শুনে তা সংরক্ষণ করল এবং যেমন শুনেছিল ঠিক তেমনি অন্যের কাছে বর্ণনা করল। পক্ষান্তরে যে ব্যক্তি এথেকে বিমুখতা অবলম্বন করল, তার সাথে তারা লড়াই করল, যতক্ষণ না সে আল্লাহর নাযিলকৃত সত্য বিধানের প্রতি মাথা নত করে। আল্লাহ তা'লা বলেন- "তোমরা যুদ্ধ কর আহলে কিতাবের ঐ লোকদের সাথে, যারা আল্লাহ ও রোজ হাশরে ঈমান রাখেনা, আল্লাহ্ ও তাঁর রাসূলে যা হারাম করে দিয়েছেন তা হারাম করেনা এবং গ্রহণ করেনা সত্য ধর্ম, যতক্ষণ না করজোড়ে তারা জিযিয়া প্রদান করে।" ঠিক এমনই ছিলা নবী করীম সা.এর অনুসারীদের যুগ। এমনই ছিল তাদের জ্ঞান সম্প্রসারণ- সমগ্র বিশ্ববাসীকে সত্যের দিকে পথপ্রদর্শন এবং দাম্ভিক ও বিমুখতা অবলম্বনকারীদের শায়েস্তাকরণ। তাদের জীবনের একমাত্র উদ্দেশ্যই ছিল এ দু'টি বিষয়ের উপর সন্নিবেশিত। ফলে নবী করীম সা.এর ইন্তেকালের পর সাহাবায়ে কেরাম ছড়িয়ে পড়িয়েছিলেন পৃথিবীর বিভিন্নপ্রান্তে। উছামার বাহিনী রূমকদের বিরুদ্ধে যুদ্ধের জন্য বের হয়েছিল। সিংহভাগ সাহাবায়ে কেরাম ইসলাম থেকে বহির্ভূত আরবদের বিরুদ্ধে লড়াইয়ের জন্য বের হয়েছিল। সাহাবায়ে কেরামের পর এই সত্যধর্মকে বহন করল তাবেয়ীন। এরপর পরবর্তী প্রজন্ম, পরবর্তী প্রজন্ম.....।

নবী করীম সা. বলেন- "পরবর্তী প্রজন্মসমূহে প্রত্যেক ন্যায়বান ব্যক্তি এ মহা জ্ঞানের বাহক হবে। তারা মিথ্যুকদের বিকৃত সংযোজন, পাপিষ্ঠদের চুরি এবং মুর্খদের অপব্যাখ্যা থেকে এ জ্ঞানকে রক্ষা করবে।" জ্ঞানীদের কলমের কালি এবং শহীদদের তরতাজা খুন হচ্ছে আল্লাহ পাকের নৈকট্যতা অর্জনের সুপ্রিয় বিষয়। জ্ঞানীদের কলম ব্যবহৃত হয় বিশ্ববাসীকে পথপ্রদর্শন, তাদেরকে সত্যের বিধানাবলী শিক্ষাদান, কুসংস্কারের মূলোৎপাটন এবং সত্যকে ছড়িয়ে দেবার কাজে। আর শহীদদের রক্ত প্রবাহিত হয় সর্বপ্রকার বাধা বিপত্তি উৎখাত করে বিশ্বময় আল কোরআনের আলো ছড়িয়ে দেবার কাজে। যখনই কোথাও কুসংস্কার দেখা দিয়েছে, সাথে সাথে উম্মতের জ্ঞানী সম্প্রদায় এর বিরুদ্ধে যথোচিত ব্যবস্থা গ্রহণ করে সর্বপ্রকার বক্রতাকে সোজা করে দিয়েছে, মানুষকে এথেকে দূরে রেখেছে। যখনই মানুষ কোন একটি বিধানকে ভুলে বসতে শুরু করেছে, তখনই জ্ঞানী সম্প্রদায় তা সমুন্নত করে উম্মতকে বারবার স্মরণ করিয়ে দিয়েছে। যখনই উম্মতের মধ্যে কোন আভ্যন্তরীণ শত্রুবা অনিষ্টকারী মাথাচাড়া দিয়ে উঠতে শুরু করেছে অথবা বহির্বিশ্ব থেকে কোন শত্রুদল এসে মুসলমানদের রক্ত নিয়ে ছিনিমিনি খেলার সাহস করেছে, তখনই জ্ঞানী সম্প্রদায় নাঙ্গা তরবারী হাতে তাদের বিরুদ্ধে ঝাপিয়ে পড়েছে, শত্রুদের বিষদাঁত ভেঙ্গে দিয়ে সমূলে তাদেরকে পরাজিত করেছে।

ঠিক যেমনটি মুরতাদদের বিরুদ্ধে করেছিলেন ইসলামের প্রথম খলীফা হযরত আবূ বকর রা.। খারেজী সম্প্রদায়ের বিরুদ্ধে করেছিলেন ইসলামের তৃতীয় খলীফা হযরত আলী বিন আবি তালিব রা.। খারেজীদের বিরুদ্ধে তিনি সর্বপ্রথম আব্দুল্লাহ বিন আব্বাস রা.কে প্রেরণ করেছিলেন। সেখানে

গিয়ে তিনি তাদের সাথে বাকযুদ্ধ করেছিলেন। তাদেরকে অনেক বুঝানোর পরও তারা সৎ পথে ফিরে আসতে আপত্তি করলে আলী রা. তাদের বিরুদ্ধে যুদ্ধের ঘোষনা করেন। ফলে তাদের একটি বিরাট অংশকে তখনই নিশ্চিহ্ন করে দেয়া সম্ভব হয়েছিল। প্রখ্যাত আমীরুল মুমেনীন উমর বিন আব্দুল আযীযও তাদের বিরুদ্ধে একই ব্যবস্থা গ্রহণ করেছিলেন। আল্লাহ তা'লা বহুপূর্বেই কেয়ামত পর্যন্ত সত্যের একটি বিজয়ী দল বেঁচে থাকার কথা লিপিবদ্ধ করে রেখেছিলেন, যারা সত্যের ধারক বাহক হয়ে বর্শা আর তরবারী হাতে নিয়ে কেয়ামতের আগ পর্যন্ত লড়াই করে যাবে। নবী করীম সা. এরশাদ করেন- "কেয়ামতের আগ পর্যন্ত আমার উম্মতের মধ্যে একটি দল সর্বদায় যুদ্ধে লিপ্ত থাকবে, কোন বিরুদ্ধবাদীদের বিরোধিতা তাদের থামাতে পারবেনা। শেষপর্যন্ত ঈসা বিন মারয়াম আ. আসমান থেকে অবতরণ করবেন। তখন তাদের ইমাম বলবে- আসুন! নামাযের ইমামতি করুন! উত্তরে ঈসা আ. বলবেন- না! বরং তোমরা হচ্ছ মর্যাদাশীল উম্মত। তোমাদের মধ্যেই আল্লাহ পাক আমীর নির্ধারণ করেছেন। অপর একটি হাদিসে নবী করীম সা. বলেন- "আমার উম্মতের একটি দল সর্বদায় আল্লাহর আদেশমতে লড়াইয়ে লিপ্ত থাকবে, তারা শত্রুদের উপর সর্বদায় বিজয়ী থাকবে। বিরোধীদের বিরুদ্ধাচারণ তাদের কোনই ক্ষতি করতে পারবেনা। কেয়ামত পর্যন্ত তারা এভাবেই বিজয়ী বেশে যুদ্ধ করতে থাকবে।" আর এ লড়াইকারী দল সর্বাবস্থায় অপরিচিত ও অল্পসংখ্যক থাকবে।

ইমাম তিরমিযী রহ. স্বীয় গ্রন্থে বর্ণনা করেন যে, নবী করীম সা. এরশাদ করেছেন- "নিশ্চয় এ দ্বীনের সূচনা হয়েছে অপরিচিত অবস্থার মধ্য দিয়ে। আর অচিরেই এই দ্বীন অপরিচিত অবস্থাতেই ফিরে আসবে। সুসংবাদ ঐ সকল অপরিচিতজনদের জন্য, যারা সবসময় আমার আনীত বিধানাবলীমতে মানুষকে সংশোধনের চেষ্টায় লিপ্ত থাকে।" অপরিচিতদের পরিচিতি বর্ণনা করতে গিয়ে অপর এক হাদিসে বলেছেন- "যারা স্বীয় দ্বীন নিয়ে সুদূর পলায়ন করে, শেষপর্যন্ত তারা ঈসা বিন মারয়াম আ.এর কাছে গিয়ে মিলিত হবে।" অপর বর্ণনায়- "তারা হচ্ছে অত্যাধিক পাপিষ্ঠ লোকদের মধ্যে যৎসামান্য ন্যায়বান কিছু লোক, তাদের বিরোধীদের সংখ্যা অনুসারীদের সংখ্যার তুলনায় বেশি হবে।"

নবী করীম সা.এর উত্তরাধিকারী দুই প্রকার

প্রথম প্রকার- সত্য ও হেদায়েতের দিকে আহবানকারী জ্ঞানী সম্প্রদায়, যারা আল্লাহর নাযিলকৃত বিধানাবলীর মধ্যে কোনকিছুই গোপন রাখেনা। আল্লাহ তা'লা বলেন- "স্মরণ করুন! যখন আল্লাহ পাক কিতাবপ্রাপ্ত লোকদের থেকে প্রতিশ্রুতি নিয়েছিলেন যে, তোমরা আল্লাহর বিধানাবলীকে মানুষের সামনে সুস্পষ্ঠরূপে বর্ণনা করবে, কোনকিছু লুকাবেনা।" যে ব্যক্তি এলেম শিখল, তার উপর আবশ্যক হচ্ছে মানুষের মাঝে তা ছড়িয়ে দেয়া, অন্যথায় বিচারদিবসে তাকে আগুনের মালা গলায় পরতে হবে। যেমনটি হাদিসে বর্ণিত হয়েছে।

দ্বিতীয় প্রকার- ঐ সকল ব্যক্তিবর্গ, যারা এই মহাজ্ঞানকে রক্ষা করবে এবং মানুষের মাঝে তা প্রতিষ্ঠিত করবে। তারা হচ্ছে আল্লাহর পথের মুজাহিদীন। আর সবচে' উত্তম হচ্ছে ঐ ব্যক্তি, যে উভয় গুণের মাধ্যমে নিজেকে ধন্য করল। এটাই হচ্ছে হাদিসে উল্লেখিত বিজয়ী দলের গুণাবলী। এটাই হচ্ছে এলেম এবং জিহাদের দল।

রাসূলে কারীম সা. এরশাদ করেন- "আমার পূর্বে যত নবী পাঠানো হয়েছে, সকল নবীদেরই সাথী-সহযোগী ছিল, যারা নবীর আনীত বিধানকে আঁকড়ে ধরত, নবীর আদেশগুলো মেনে চলত। অতপর নবীদের ইন্তেকালের পর এমন প্রজন্ম আসত, যারা মুখে বলত একরকম আর কাজ করত অন্যরকম। তাদের কথা আর কাজে গরমিল ছিল। (স্মরণ রেখো) যে ব্যক্তি শক্তির মাধ্যমে জিহাদ করল, সে মুমিন। যে ব্যক্তি মুখের কথার মাধ্যমে জিহাদ করল, সেও মুমিন। যে ব্যক্তি অন্তরের মাধ্যমে জিহাদ করল, সেও মুমিন।"

উলামায়ে কেরামের ভূমিকা সর্বাবস্থায় উম্মতের জন্য দলীলস্বরূপ। যেমনভাবে ইমাম আহমদ বিন হাম্বল রহ. "কুরআন সৃষ্ট" শ্লোগানে আভিভূত ফেতনার মুকাবেলায় ভূমিকা পালন করেছিলেন। ফেতনাটি এতই ভয়াবহ ছিল- মনে হচ্ছিল এই একটি ফেতনাই উম্মতকে শিরক ও কুফুরীর দিকে নিয়ে যাবে। কিন্তু এর মুকাবেলায় ইমাম আহমদ রহ. সিংহের ভূমিকা রেখেছিলেন। ফলে আল্লাহ পাকও তাকে সহযোগীতা করেছিলেন। যেমনভাবে "বাতেনী আবেদী" সম্প্রদায়ের ছুহনূনের অনুসারীদের বিরুদ্ধে মালেকী উলামায়ে কেরাম ভূমিকা রেখেছিলেন। তাদেরকে স্বমূলে হত্যা করে তাদের ভেতরে লুকিয়ে থাকা নাস্তিকতার মুখোশকে উন্মোচন করেছিলেন।

রু'আইনী স্বীয় গ্রন্থে উল্লেখ করেন- "কায়রুয়ান প্রদেশের উলামায়ে কেরাম যেমন- আবূ মুহাম্মাদ বিন আবি যাইদ, আবুল হাসান কাবেছী, আবুল কাসেম বিন শিবলূন, আবূ আলী বিন খালদূন, আবূ মুহাম্মাদ তাবিকী, আবূ বাকার বিন আযরা। তারা সকলেই একমত হয়েছিলেন যে, "বনী আবীদ" সম্প্রদায়ের পরিস্থিতি মুরতাদ-যিন্দীকদের পরিস্থিতির অনুরূপ। সুতরাং মুরতাদদের পরিস্থিতি শরীয়তের সম্পূর্ণ বিপরীত হওয়ায় সর্বসম্মতিক্রমে তারা কোন মীরাছ পাবেনা। আর যিন্দীকদের পরিস্থিতি হলে সর্বসম্মতিক্রমে তাদেরকে হত্যা করা হবে।" ফলে উলামায়ে কেরাম সকলেই তাদের বিরুদ্ধে লড়াই করেছিলেন।

ইবনুল জাওযী রহ. বলেন- "জওহর সাকালী (মিশরের আবিদী সম্প্রদায়ের নেতা) আবূ তামীমের জন্য (মিশরের নেতা) আবূ বাকার নাবলূসী নামক একজন সেনাপতি নিযুক্ত করলেন। তিনি তাকে উদ্দেশ্য করে বললেন- আমরা জানতে পেরেছি যে, আপনি নাকি বলেছেন যে, কোন ব্যক্তির সাথে যদি দশটি তীর থাকে তবে এর নয়টি তীরই নিক্ষেপ করতে হবে আমাদের দিকে, আর একটি নিক্ষেপ করতে হবে রূমকদের দিকে। তখন তিনি উত্তরে বলেছিলেন- আমি একথা বলিনি; বরং আমি বলেছি- যদি কারো কাছে দশটি তীর থাকে, তবে এর দশটিই তোমাদের দিকে নিক্ষেপ করতে হবে। কারণ, তোমরা জাতির বিশ্বাসে কলংক মেখে দিয়েছ, ন্যায়বান লোকদেরকে নির্মমভাবে হত্যা করে প্রভূর নৈকট্যতা অর্জনের ঘোষণা দিয়েছ। একথা শুনার পর আবিদী সম্প্রদায় তাকে এলাকায় প্রচার করল। অতপর জঘন্যভাবে তাকে মেরে এক ইহুদীকে দিয়ে উনার শরীর থেকে চামড়া ছিড়ে ফেলা হল।"

ইমাম যাহাবী রহ. বলেন- "মরক্কোর উলামায়ে কেরাম একমত হয়েছেন যে, আবিদী সম্প্রদায়ের বিরুদ্ধে যুদ্ধ করা ফরয। কারণ, তারা প্রকাশ্যে কুফুরীর ঘোষণা দিয়েছে যেখানে কোন কৌশল থাকতে পারেনা। ইমাম আহমদ বিন আবি ওয়ালীদ একদা ভাষণ দানকালে বলেন- ওহে লোকসকল! যুদ্ধ কর প্রত্যেক ঐ ব্যক্তির বিরুদ্ধে, যে আল্লাহর সাথে কুফুরী করে, মনে করে নিজেও একজন প্রভূ, আল্লাহর নাযিলকৃত বিধানাবলীকে পরিবর্তন করে, আল্লাহর প্রিয়নবী মুহাম্মাদ সা. ও তার সাহাবাকে গালমন্দ করে। একথা শুনে উপস্থিত লোকেরা কান্নায় ভেঙ্গে পড়ে। অতপর রাবীয়ূল কাত্তান নামক এক ব্যক্তি সশস্ত্রাবস্থায় একটি ঘোড়ার চড়ে আসে। আহমদ বিন ওয়লীদ রহ. তখন জিহাদের আয়াতগুলো পাঠ করছিলেন, উনার ঘাড়ে একটি কোরআন ছিল। আশপাশে অনেক লোক জড়ো ছিল। অতপর তিনি এবং আশপাশের অনেক লোক শাহাদাৎ বরণ করেন।

যেমনভাবে ইমাম আহমদ বিন তাইমিয়া রহ. সত্য, হেদায়েত ও সঠিক বিধানাবলী বর্ণনার মাধ্যমে কুসংস্কার প্রবক্তা, নাস্তিকতার দর্শন ও ভন্ড সূফীবাদ নির্মূলে বিরাট ভূমিকা পালন করেছিলেন। এভাবেই তিনি প্রবৃত্তিতর ডাষ্টবিনে আচ্ছন্ন সত্যকে সঠিক ও উজ্জল বর্ণনার মাধ্যমে শক্তিশালী

করেছিলেন। অতপর তিনি মুজাহিদীনের কাতারে দাড়িয়ে তাতারীদের বিরুদ্ধে সশস্ত্র লড়াই করেছিলেন। সর্বসাধারণকে যুদ্ধের জন্য উৎসাহিত করেছিলেন। মুসলিম শাসকদের প্রতি এই বলে বার্তা পাঠিয়েছিলেন যে, তাতারীদের বিরুদ্ধে অবশ্য পালনীয় যুদ্ধে যদি তারা বিন্দুমাত্র অলসতার পরিচয় দেয়, তবে তাতারীরা মুসলিম শাসকদেরকে পরাজিত করে তাদের স্থলে তাতারীদেরকে শাসক হিসেবে নিযুক্ত করবে। কঠিন এই পরিস্থিতিতে যখন জিহাদের বিষয়টি ঘোলাটে হয়ে পড়েছিল, মানুষেরা বুঝতে পারছিলনা যে, তাতারীদের বিরুদ্ধে লড়াইটি কোন প্রকারের জিহাদ। তখনই তিনি ঘোষণা করেছিলেন যে, ইসলামী শরীয়ত বাস্তবায়নে বাধা প্রদানকারীদের বিরুদ্ধে যেমন জিহাদ করা ফরয, তাতারীদের বিরুদ্ধে জিহাদ করাও তদ্রুপ ফরয। এই ঘোষণার মাধ্যমে সত্য উন্মোচিত হয়েছিল, মানুষের অন্তর থেকে সর্বপ্রকার সন্দেহ-সংশয় দূর হয়েছিল। সবাই মিলে তাতারীদের বিরুদ্ধে যুদ্ধে ঝাপিয়ে পড়েছিল। ফলে আল্লাহ তা'লাও তাতারীদের নির্মূল করে মুসলমানদের গলায় বিজয়ের মালা পরিয়েছিলেন।

এভাবেই চলতে থাকে দাওয়াত আর জিহাদের ধারাবাহিকতা। যুগ যুগ পেরিয়ে আজো আমরা এতদুভয়ের সংমিশ্রণ লক্ষ করছি। কেয়ামত পর্যন্ত এভাবেই চলতে থাকবে ইনশাআল্লাহ।

ওহে আমার মুসলমান ভাই...!!

আপনি যখন উপরোক্ত বিষয়গুলো জানতে পারলেন এবং আপনার সামনে এগুলো স্পষ্ঠ ও সঠিকরূপে প্রকাশ হল, তখন সর্বপ্রথম আপনার নিজের উপর এ মহা দায়িত্বটি অর্পিত হয়ে গেছে। এখন অবশ্যই আপনি ঐ দলটিকে খুজতে থাকবেন, যার ইতিহাস আজ থেকে নিয়ে নবী করীম সা.এর কাল পর্যন্ত বিস্তৃত, যে দলটি মানুষকে তাওহীদ ও সুন্নতের দিকে আহবান করে, মানুষের সামনে শিরক-বিদআতের মুখোশ উন্মোচন করে এবং আল্লাহর রাস্তায় কেয়ামত পর্যন্ত জিহাদের দৃঢ় বাসনা পোষন করে।

এখন আপনি নিজেকেই প্রশ্ন করুন- আমরা কারা ? আর জিহাদই বা কেন করতে হবে ? বস্তুত আমরা এমন এক পরিবেশে বড় হয়েছি যেখানে এলেমকে পেয়েছি আমরা অস্তিত্বহীন, উম্মতকে পেয়েছি মুর্খতার চাদরে ঢাকা এক সম্প্রদায়। চারিদিকে পাপাচার ছেয়ে আছে। মানুষের হক নিয়ে ছিনিমিনি খেলা হচ্ছে। মুসলমানদের ভূমিগুলো বিধর্মীদের দখলে চলে গেছে। মুনাফিক আর মুরতাদ শাসক হয়ে বসে আছে। তাহলে এহেন পরিস্থিতিতে দ্বীনের জ্ঞানবাহকদের উপর কিরূপ দায়িত্ব অর্পিত হতে পারে..??!!

জ্ঞানবান লোকদের উপর আল্লাহ তা'লা বর্তমান সময়ে এক বিরাট দায়িত্ব অর্পন করেছেন। আর সেটি হচ্ছে সালফে সালেহীনের কিতাবগুলো মানুষের মাঝে ছড়িয়ে দেয়া। আমাদের পূর্বে এক লম্বা সময় গত হয়েছে, যেখানে সর্বসাধারণের কাছে জ্ঞান পৌছার মহাসুযোগ ছিলনা। মুষ্টিমেয় কিছু কিতাবের উপর মানুষের জ্ঞান সীমাবদ্ধ ছিল। কিন্তু বর্তমান সময় আল্লাহর রহমতে মানুষের কাছে এক বিরাট সুযোগ আপতিত হয়েছে। যেখানে সালফে সালেহীনের কিতাবগুলোকে নতুন ধাঁচে ছাপানো হচ্ছে। অতপর মানুষেরা এগুলো সংগ্রহ করে নতুন ধাঁচে ইসলামকে চিনতে শুরু করেছে। ফলে আবূ বকর থেকে নিয়ে অদ্যাবধি কোরআন-সুন্নাহর সাথে সম্পৃক্ত সত্যনিষ্ঠ সকল ইমামগণের ন্যায় বাস্তব ও সঠিক পরিস্থিতিকে তারা ধীরে ধীরে উপলব্ধি করতে শুরু করেছে।

কিন্তু বাস্তব পরিস্থিতির প্রতারণায় পড়ে উম্মত আজ পরিবর্তন হয়ে গেছে। দ্বীনের প্রতিটি শাখায় মুর্খতার কালো ছায়া গ্রাস করে ফেলেছে। এর মুর্খতার কবলে পড়েই জাতি ফেতনা ফ্যাসাদ আর ধ্বংসাত্মক অপরাধমূলক কর্মকান্ডে জড়িয়ে পড়েছে। বরং কতিপয় মুসলমান তো মুশরেকদের দলে ভীড়ে তাদের ধর্ম অনুসরণে ব্রতী হয়েছে। এরপর উপরে তাকিয়ে দেখেছে যে, তাদের উপর শাসকের বেসে বসে আছে এমন কিছু লোক, যারা নিজেদের মহামূল্যবাণ ধর্মকে শয়তানের সন্তুষ্টিতে বিক্রি করে দিয়ে বিধর্মীদের কালচারে প্রবেশ করেছে। সর্বপ্রকার মঙ্গলজনক বিষয়ের পথকে তারা রুদ্ধ করে দিয়েছে। মসজিদে মসজিদে তালা ঝুলিয়েছে। উলামাদের মজলিসে আগমণ নিষেধ করা হয়েছে। দ্বীনের ধারক বাহক জ্ঞানী দাঈদেরকে নির্মমভাবে হত্যা করে দেয়া হয়েছে। সব ধরনের অনিষ্ট কর্মকান্ডে জড়িয়ে ধর্মনিরপেক্ষতার বাহক হয়ে ধর্মনিরপেক্ষতা, গণতন্ত্র, সমাজতন্ত্রের মত বাতিল ও কুফুরী মতবাদসমূহকে মানুষের কাছে উত্তম ধাঁচে তুলে ধরেছে। জনসাধারণকে পাপাচারে লিপ্ত হতে বাধ্য করা হয়েছে। সুদের সর্বপ্রকার খাতকে উন্মুক্ত করে দিয়েছে। সুদী পন্থা অবলম্বন ছাড়া মানুষের দৈনন্দিন জীবন অচল করে দেয়া হয়েছে। দারিদ্রের সাথে লাঞ্ছনাকে ঝুলিয়ে দেয়া হয়েছে। ফলে যুবকদের জন্য অপরাধে জড়ানো ব্যতিত আর কোন উপায় থাকেনি। অনিষ্টতা ও অশ্লিলতার সকল উপকরণকে জনসাধারণের জন্য খুব সহজ করে দেয়া হয়েছে। জাতি প্রত্যক্ষ করেছে যে, তাদের আশপাশের নামগুলো পূর্বের ঐ ইসলামী নামেই বাকী আছে। কিন্তু বাস্তবে সম্পূর্ণই তা ইসলামবিরোধী। সাথে সাথে এমনকিছু ভন্ড ব্যক্তিদের আবির্ভাব ঘটেছে, যারা তাদের কর্মকান্ডসমূহকে পূর্ণাঙ্গতায় রূপ দিয়েছে, সবকিছুকে তাদের জন্য শরীয়তসম্মত বলে আইন জারি করেছে। সুতরাং নাস্তিকতাই আজ তাদের কাছে প্রকৃত স্বাধীনতা। তাগুতের ধর্মে অনুপ্রবেশই প্রকৃত গণতন্ত্র। কাফের-বেঈমানদের সাথে বন্ধুত্ব স্থাপন হচ্ছে শান্তির প্রতীক ও জাতীয় একাত্মবোধ। আর আল্লাহর নাযিলকৃত শরীয়ত ও দ্বীন হচ্ছে সেই পুরাতন মধ্যযুগীয় ব্যাপার। মহিলার ভ্যাবিচারে লিপ্ত হওয়াকে ব্যক্তি স্বাধীনতা বলে নাম দেয়া হয়েছে। দেশ ও সার্বভৌমত্ব বিক্রি করে দেয়াকে প্রকৃত শান্তি বলে প্রচার করা হয়েছে।

এটাই হচ্ছে সেই বাস্তবতা, যা সরল প্রভূভক্ত একজন যুবক চারিদিকে প্রত্যক্ষ করছে। ফলে দ্বীনের যতটুকু জানার, সে জানতে পারছে। অতপর সত্যের কালেমাকে বুকে নিয়ে শত্রুদের দিকে ছুড়ে দিয়েছে। আল্লাহর দিকে মানুষকে আহবান করে জনসাধারণের সামনে প্রকৃত বাস্তবতা উন্মোচনে সচেষ্টবান হচ্ছে। সবকিছুর সমষ্টি পেয়েছে দু'টি বিষয়ের সাথে- এক- দাওয়াত ইলাল্লাহ তথা আল্লাহর দিকে আহবান। দুই- জিহাদ ফি সাবীলিল্লাহ তথা আল্লাহর পথে জিহাদ।

দাওয়াত ইলাল্লাহ- এ মিশনের প্রধান উদ্দেশ্য হচ্ছে মানুষকে দ্বীনী বিষয় শিক্ষাদান। সুন্নত ও তাওহীদের ব্যাপারে জনসাধারণকে সজাগকরণ। এর প্রধান কর্মপদ্ধতি হচ্ছে সৎ কাজের আদেশ ও অসৎ কাজের নিষেধ।

জিহাদ ফি সাবীলিল্লাহ- মুরতাদদের বিরুদ্ধে একচেটিয়া মিশন। কারণ মূলধন হচ্ছে লাভের উপরে। তাদের মুরতাদ হওয়ার প্রমাণ হচ্ছে যে, তারা আল্লাহর শরীয়তকে বিকৃত করে ইহুদী খৃষ্টান ও সমাজতন্ত্রবাদীদের সাথে বন্ধুত্ব স্থাপন করেছে। পক্ষান্তরে আল্লাহর একত্ববাদে বিশ্বাসী মুমিন মুসলমানদের সাথে শত্রুতা পোষন করেছে। আর পূর্ববর্তী-পরবর্তী সকল উলামায়ে ইসলামের ঐক্যমতে উপরোক্ত কর্মকান্ডে জড়িত ব্যক্তির পরিচয় হচ্ছে- সে কাফের মুরতাদ। নিম্নে আল্লাহর দ্বীন বিকৃতকারী এবং শয়তানের শরীয়ত মান্যকারীর বিধান দেয়া হল- "শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. বলেন- কোন মানুষ যখন সুস্পষ্ট হারাম বিষয়কে হালাল মনে করে অথবা সুস্পষ্ট হালালকে হারাম মনে করে অথবা সুস্পষ্ট শরীয়তকে পরিবর্তন করে ফেলে, তবে সকল ফুকাহায়ে কেরামের ঐক্যমতে সে কাফের হয়ে গেছে।"

এবাদত প্রতিষ্ঠিত হবে অনুসরণ ও আদেশ মান্য করার ভিত্তিতে। আর একমাত্র এবাদতকৃত প্রভূর আদেশ মান্য করা ছাড়া এবাদত কোন সময় গ্রহণযোগ্য হবেনা। সুতরাং যে কোন ব্যক্তি যদি নিজেকে স্বয়ংসম্পূর্ণ আদেশকারী বা নিষেধকারী মনে করে এবং নিজের পক্ষ থেকে কোন বস্তুর উপর হালাল বা হারামের বিধান প্রয়োগ করে, তবে প্রকৃতঅর্থে সে নিজেকে মা'বূদ বা অনুসৃত হিসেবে ঘোষণা করল। আল্লাহ তা'লা বলেন- "আর আমি প্রত্যেক জাতির কাছেই এই বলে রাসূল প্রেরণ করেছি যে, একমাত্র আল্লাহর এবাদত কর আর সর্বপ্রকার তাগুত থেকে দূরে থাক।" আর আল্লাহর এবাদতের মূল ভিত্তি হচ্ছে অনুসরণ ও আদেশ মান্য করার দিক থেকে একমাত্র আল্লাহকে নির্দিষ্ট করে নেয়া। সুতরাং আদেশ একমাত্র আল্লাহর, বিধান একমাত্র আল্লাহর। আল্লাহ বলেন- "সমস্ত আদেশ একমাত্র আল্লাহর জন্যই নির্ধারিত।" অন্যত্র বলেন- "নিশ্চয় আদেশ একমাত্র আল্লাহর জন্য।" এরশাদ করেছেন- "তার জন্যই সকল সৃষ্টি, তার জন্যই সকল আদেশ।" এরশাদ করেছেন- "তোমরা যখন কোন বিষয়ে মতভেদ পোষন কর, তখন আল্লাহর হুকুমই একমাত্র প্রযোজ্য।" আল্লাহ বলেন- "আদেশের দিক থেকে কেউ আল্লাহর সাথে অংশীদার হতে পারেনা।"

